

৫৪

**কৃষি বিশ্ববিদ্যালয়
আজ খুলছে**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মন-সিংহ), ৪ঠা অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।- ছাত্রদলের দুই গ্রুপে রক্তক্ষয়ী সংঘর্ষের জের হিসেবে বিশ্ব দিন বন্ধ থাকার পর বুধসপ্তিমবার কৃষি বিশ্ববিদ্যালয় খুলছে উদ্বেগ-উৎকণ্ঠার মধ্যে। বুধবার হলসমূহ খুলে দেয়া হলেও সর্বদলীয় ছাত্র ঐক্য কর্তৃক নিষিদ্ধ ঘোষিত শিবিরের নেতৃবৃন্দ ছাড়া সাধারণ ছাত্ররা হলে আসেনি।

ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে কোন সমঝোতা হয়নি। ফলে ক্যাম্পাসে প্রত্যেকের মধ্যে উদ্বেগ লক্ষ্য করা গেছে।
কঃ বিঃ পৃঃ ৮ কঃ ১

**কঃ বিঃ খুলছে
(১ম পৃষ্ঠার পর)**

একটি অসমর্থিত বিশৃঙ্খল সূত্রে জানা গেছে, অতিকৃত ছাত্রদল নেতাদের তিন মাসের আটকাদেশ নেয়া হয়েছে।

**শিবিরের উপাচার্যের
বাসভবন ঘেরাও**

গত মঙ্গলবার সকাল ৯টা থেকে তিন ঘণ্টার জন্য শিবির কর্মীরা উপাচার্যের বাসভবন ঘেরাও করে রাখে। এসময় বিশ্ববিদ্যালয় প্রশাসনের সজা চলছিল। তাদের দাবি ছিল, হলসমূহে তাদের সিটগুলো ফেরতদানের ব্যবস্থা নিতে হবে। বুধবার বিকালের নিকে শিবির নেতৃবৃন্দকে স্ব-স্ব হলে অবস্থান নিতে দেখা গেছে। ছাত্রদলের সহস্যদের প্রতিবাদে তারা ক্যাম্পাসে পোস্টারিং করেছে।

পরীক্ষা স্থগিত

বিশ্ববিদ্যালয়ের তিনটি অনুষদের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। পরীক্ষাসমূহ হচ্ছে ৫ই অক্টোবর অনুষ্ঠেয় ভিডিও প্যাট্রি (১৯৯৩), ৭ই অক্টোবর অনুষ্ঠেয় পশুপালন অনুষদের ফাইনাল (১৯৯২) এবং ১২ই অক্টোবর অনুষ্ঠেয় কৃষি প্রকৌশল অনুষদের ফাইনাল পরীক্ষা (১৯৯২)। এছাড়া ১৯৯৩ সালের কৃষি প্রকৌশল অনুষদের পাট টু পরীক্ষা পূর্বঘোষিত সময়সূচীর পরিবর্তে ২১শে অক্টোবর থেকে শুরু হবে। প্রথম পর্বের ক্লাস

২৮শে অক্টোবর থেকে

বিশ্ববিদ্যালয়ের ১৯৯৪-৯৫ সেশনে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের প্রথম পর্বের ক্লাস ১০ই অক্টোবরের পরিবর্তে ২৮শে অক্টোবর থেকে শুরু হবে।